“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঝালকাঠি
fpo.jhalakathi.gov.bd

বিষয়: **পরিদর্শন প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহণ প্রসংগে।**

সূত্র: সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) এর ১২.১১.২০২২ খ্রি. তারিখে কেওড়া UH&FWC এবং ১৭.১০.২০২২ খ্রি. তারিখের পোনাবালিয়া UH&FWC পরিদর্শন নোটের আলোকে।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রস্থ কেন্দ্র দুটি পরিদর্শন করে প্রায় অভিন্ন রকমের অনিয়ম পাওয়া যায় যা বিভাগীয় কার্যক্রমে অবহেলার চিত্র। সেবা কেন্দ্রে যথারীতি মেয়াদোত্তীর্ণ বিভিন্ন প্রকারের ঔষধ মজুদ থাকতে দেখা যায় যা সাপ্লাই ম্যানুয়াল অনুসরণ করে বিনষ্ট করার উদ্যোগ গ্রহণ করা হয়নি। ICR এ ঔষধ/এমএসআর/আসবাবপত্র নীতিমালা মোতাবেক সংরক্ষণ করা হচ্ছে না। এ অবস্থা দীর্ঘ সময়ব্যাপী চলমান রয়েছে। বিভিন্ন রেজিস্টার যথাযথভাবে সংরক্ষন করে তথ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। D&DS কিট নিয়মানুযায়ী জনপ্রতিনিধিদের উপস্থিতিতে কোন কোন ক্ষেত্রে খোলা হচ্ছে না। কোন কোন স্টাফের অগ্রীম ভ্রমনসূচি কেন্দ্রে সংরক্ষন না করে বাড়িতে সংরক্ষিত আছে বলে জানানো হয়। যা কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়। ভ্রমনবিল গ্রহণ করা হলেও স্কুল স্বাস্থ্য শিক্ষার কোন রেজিস্টার প্রদর্শন করতে অসমর্থ হতে দেখা যায়। দীর্ঘদিন একই কর্মস্থলে চাকরি করা সত্ত্বেও সেবা কেন্দ্রের সেবার পরিবেশ এবং মান নিশ্চিত করণে যথাযথ উদ্যোগ গ্রহণের প্রমাণ পাওয়া যায় না। বিভিন্ন তারিখে নিম্ন স্বাক্ষরকারীর পরিদর্শন কালেও প্রায় প্রতিটি সেবা কেন্দ্রে প্রায় অভিন্ন অনিয়মের চিত্র পরিলক্ষিত হচ্ছে। যা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কার্যক্রমের সুনাম ক্ষুন্নের আশংকা থেকে যায়। সাপ্লাই ম্যানুয়াল অনুসরণপূর্ব মেয়াদোত্তীর্ণ ঔষধ/এমএসআর/ অকেজো মালামাল বিনষ্টের উদ্যোগ গ্রহণ করতে হবে। উপজেলা পর্যায় থেকে চেকলিস্ট অনুসরণপূর্বক তদারকি জোরদার করা হলে আশা করি সমস্যা হ্রাসে ভূমিকা রাখবে। এছাড়া সংশ্লিষ্ট কর্মচারীগণকে সরকারি দায়িত্ব পালনে আরো বেশি সক্রিয় থাকার পরামর্শ প্রদান করা হলো। সরকারি কার্যক্রম উন্নয়নে বার বার তাগিদ প্রদানের পরও যেসকল কর্মচারী নিজ নিজ দায়িত্ব পালনে অবহেলা প্রদর্শন অব্যাহত রাখছেন তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

২২-১১-২০২২
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক
ফোন: 0498-63444
ইমেইল:
ddfpjhalakathi@gmail.com

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল), ঝালকাঠি জেলা।

স্মারক নম্বর: ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০২.২২.৭

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৯
২২ নভেম্বর ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি:
১) পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।

২২-১১-২০২২

মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক